

## ভিত্তিপ্রস্তর অনুষ্ঠান না করার জের এমপি'র নির্দেশে কলেজ শিক্ষকদের বেতন বন্ধ

■ গফরগাঁও (মহম্মদসিংহ) প্রতিনিধি  
 গফরগাঁওয়ের কাওরহািদ গবেষণাপুর  
 কলেজের নির্মাণাধীন একাডেমিক  
 ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠান না  
 করায় কলেজ পরিচালনা কমিটির  
 সভাপতি এমপি পিয়াস উদ্দিন আহমেদ  
 কলেজের শিক্ষক-কর্মচারীদের বেতন  
 বন্ধ করে দিয়েছেন। কলেজের শিক্ষক-  
 কর্মচারীরা অগ্রণী ব্যাংক গফরগাঁও  
 শাখায় অক্টোবর মাসের বেতন তুলতে  
 গিয়ে দেখেন, তাদের হিসাবে টাকা  
 জমা হয়নি। এ ব্যাপারে কলেজের  
 অধ্যক্ষ বাবর আলী বলেন, ঠিকাদার  
 ভিত্তিপ্রস্তর অনুষ্ঠান ছাড়াই নির্মাণ কাজ  
 শুরু করায় এমপি কলেজের শিক্ষক-  
 কর্মচারীদের বেতন বন্ধ করে  
 দিয়েছেন। গফরগাঁও অগ্রণী ব্যাংক  
 শাখার ব্যবস্থাপক মো. শরাফ উদ্দিন  
 বলেন, এমপি পদাধিকার বলে  
 কলেজের সভাপতি তিনি বেতন বিলে  
 অনুমোদন দিলেও পরে ফোনে টাকা  
 নেওয়া বন্ধ রাখার নির্দেশ দেন। এমপি  
 পিয়াস উদ্দিন আহমেদ বলেন, দেড়  
 কোটি টাকা ব্যয়ে কলেজের বিস্তৃত  
 করে বিয়েছি, অথচ তারা উদ্বোধন  
 অনুষ্ঠান করল না। এতে সরকারের  
 উদ্বোধনের প্রচারও বাধাগ্রস্ত করেছে  
 কলেজের শিক্ষক ও ঠিকাদার